গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০১৮.১২.০০১.২৫-৯৬ তারিখ : ০২ চৈত্র ১৪৩২
১৬ মার্চ ২০২৬

**প্রজ্ঞাপন**

সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (নিমকো)'র 'সহকারী প্রোগ্রামার' (৯ম গ্রেড) পদে 'কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা-১৯৯৬ (সংশোধিত)' অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২২.০৭.২০২৫ তারিখের স্মারক নম্বর ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৭৬৪ . ২০২৫-৪৮-এর সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে (৯ম গ্রেড) নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

**শর্তাবলি:**

(ক) তিনি ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। প্রয়োজন হলে সরকার এ মেয়াদকাল আরও ০২ (দুই) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবে;

(খ) শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন কিংবা তাঁর আচরণ ও কার্য সন্তোষজনক না হয়, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(গ) শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত হলে নিয়োগবিধির শর্ত অনুযায়ী তাঁর চাকুরি স্থায়ী করা হবে;

(ঘ) চাকুরিতে যোগদান করার পর তাঁকে প্রশিক্ষণে মনোনয়ন দেওয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে তিনি যদি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন তবে তিনি উক্ত সময়ের মধ্যে তাঁকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষ্যে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন;

(ঙ) যদি তাঁর ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঘ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে তিনি কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহলে উপ-অনুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ (Bengal Act No. 111 of 1913)- এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) চাকুরিতে তাঁর জ্যেষ্ঠতা এতৎসংক্রান্ত প্রচলিত বিধি-বিধানের আলোকে নির্ধারিত হবে;

(ছ) তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(জ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সঙ্গে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঞ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় তাঁকে সংশ্লিষ্ট কর্তপক্ষের নিকট জমা দিতে হবে;

(ট) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ঠ) এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

(ড) পরবর্তীকালে যে কোনো সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোনো ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চলমান পাতা-০২)

(ঢ) প্রার্থী যেসকল সনদপত্রের ভিত্তিতে নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত হয়েছেন যোগদানকালে যোগদানপত্রের সঙ্গে সেসকল সনদের সত্যায়িত ছায়ালিপি (এক সেট) দাখিল করবেন এবং যোগদানপত্রের সঙ্গে সদ্যতোলা ০২ (দুই) কপি ছবি সংযুক্ত করবেন।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী **১৫ এপ্রিল ২০২৬ তারিখ** পূর্বাহ্ণে তাঁকে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, দারুসসালাম রোড, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। নিয়োগের আদেশপ্রাপ্ত ০১ (এক) জনের তালিকাঃ

| ক্রম | প্রার্থীর নাম, পিতা, মাতা ও পদের নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ হোসাইন আহমেদ<br>পিতা: মোঃ মফিজ উদ্দিন<br>মাতা: মেহেরুন নেছা<br>পদের নাম: সহকারী প্রোগ্রামার<br>(৯ম গ্রেড) | ক-৮৪/বি, জোয়ার সাহারা, ভাটারা, ঢাকা | স্থায়ী ঠিকানা: গ্রাম: বরভরা, ডাকঘর : রসুলপুর (হোল্ডিং নং: ১৫৬, ওয়ার্ড নং: ০৩<br>উপজেলা: গফরগাঁও<br>জেলা: ময়মনসিংহ | ০০৩৪১৩ |

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত
তসলিমা নূর হোসেন
উপসচিব (প্রশাসন-৪)
ফোন : ৫৮১০১৩৬১
E-mail : admin4@moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০১৮.১২.০০১.২৫-৯৬

তারিখ: ০২ চৈত্র ১৪৩২
১৬ মার্চ ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
০৬। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা;
০৭। মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
০৮। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৯। উপনিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ);
১০। চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
১১। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১২। জনাব মোঃ হোসাইন আহমেদ, স্থায়ী ঠিকানা: প্রযত্নে: মোঃ মফিজ উদ্দিন, গ্রাম: বরভরা, ডাকঘর : রসুলপুর (হোল্ডিং নং: ১৫৬, ওর্য়াড নং: ০৩) উপজেলা: গফরগাঁও, জেলা: ময়মনসিংহ, বর্তমান ঠিকানা: ক-৮৪/বি, জোয়ার সাহারা, ভাটারা, ঢাকা;;
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫। অফিস কপি; এবং
১৬। মাস্টার কপি।

THossain
১৬.০৩.২৬
তসলিমা নূর হোসেন
উপসচিব (প্রশাসন-৪)